# উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার- এর
## সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ কালিহাতি, টাঙ্গাইল।

সভা নং- ০৫

সময়: বিকেল ৪:৩০ হইতে বিকেল ৫:৩০ পর্যন্ত

তারিখ- ২৫/০৯/২০২৪ ইং

### উপস্থিত সদস্যগণের নামের তালিকা:

| ক্র: নং | নাম ও পদবী | পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব শাহাদাত হুসেইন<br>উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল। | সভাপতি | |
| ০২ | জনাব মোহাম্মদ সিফাত বিন সাদেক<br>সহকারী কমিশনার, (ভূমি) কালিহাতি, টাঙ্গাইল। | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব মোঃ শহীদুজ্জামান মাহমুদ<br>উপজেলা সমাজসেবা অফিসার, কালিহাতি, টাঙ্গাইল। | কার্যকরী সদস্য | |
| ০৪ | জনাব এ.কে.এম আমির হোসেন<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিহাতি, টাঙ্গাইল। | কার্যকরী সদস্য | |
| ০৫ | জনাব কুলসুম সোলায়মান<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চঃদাঃ),কালিহাতি,টাঙ্গাইল। | কার্যকরী সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আশরাফ আলী<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | কার্যকরী সদস্য | |
| ০৭ | জনাব শিল্পী দে<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | কার্যকরী সদস্য | |
| ০৮ | জনাব আবুল কালাম আজাদ<br>সি.এ, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | কার্যকরী সদস্য | |
| ০৯ | জনাব শামিমা ইয়াসমিন<br>অধ্যক্ষ, টি.টি.সি, কালিহাতি, টাঙ্গাইল। | কার্যকরী সদস্য | |
| ১০ | জনাব মোঃ রাইসুল হাসান<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিহাতি, টাঙ্গাইল। | কার্যকরী সদস্য | |
| ১১ | জনাব লিজন হোসাইন<br>সদস্য, নিজেরা শিখি (নিশি), রামপুর, কালিহাতি, টাঙ্গাইল। | সদস্য সচিব | |

অদ্য তারিখ রোজ বুধবার বিকেল ৪:৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল- এ "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" এর পরিচালনা পরিষদের এক সভা অনুষ্ঠিত হয়। অদ্যকার সভায় সভাপতিত্ব করেন- জনাব শাহাদাত হুসেইন, উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল মহোদয় ।

আলোচ্য বিষয়:

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।

২. ধারা নং-১৫ নিয়োগ বিধি মোতাবেক নিয়োগ বোর্ড গঠন।

৩. প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনায় জনবল নিয়োগ।

৪. বিবিধ ।

১ নং আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব লিজন হোসাইন, সদস্য সচিব, "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" কালিহাতি, টাঙ্গাইল বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান, এ বিষয়ে আর কোন সংশোধনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত অনুমোদিত হয় ।

২ নং আলোচ্য বিষয়ে জনাব মোঃ আশরাফ আলী, কার্যকরী সদস্য, "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" কালিহাতি, টাঙ্গাইল অত্র প্রতিষ্ঠানের জনবল নিয়োগের বিষয়ে নিয়োগ বোর্ড গঠনের প্রস্তাব পেশ করেন। এ বিষয়ে সভাসদগণের মধ্যে বিশদ ও বিস্তারিত আলাপ-আলোচনা হয় । আলোচনান্তে- "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" এর নীতিমালা- ২০২৪ এর ধারা নং-১৫ ও নিম্নোক্ত তালিকা মোতাবেক নিয়োগ বোর্ড গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় ।

নিয়োগ বোর্ড:

| | |
|---|---|
| ১. জনাব শাহাদাত হুসেইন - | সভাপতি |
| ২. জনাব মোঃ আশরাফ আলী- | সদস্য |
| ৩. জনাব মোঃ শহীদুজ্জামান মাহমুদ - | সদস্য |
| ৪. জনাব মোঃ রাইসুল হাসান - | সদস্য |
| ৫. জনাব মোহাম্মদ সিফাত বিন সাদেক - | সদস্য সচিব |

জনাব শাহাদাত হুসেইন, সভাপতি, "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" কালিহাতি, টাঙ্গাইল মহোদয় নিয়োগ বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পাদন করার নির্দেশনা প্রদান পূর্বক নিয়োগ বোর্ড অনুমোদন করেন।

৩ নং আলোচ্য "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" এর কার্যক্রম পরিচালনার জন্য ২ (দুই) জন জনবল নিয়োগের পরিকল্পনা গ্রহণ করা হয় । প্রাথমিকভাবে পদাধিকারবলে ও আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত তালিকা মোতাবেক জনবল নিয়োগ করা হয় ।

| ক্র: নং | নাম | পদবী | নিয়োগ বোর্ডের সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | লিজন হোসাইন<br>পিতা: আজাহার আলী<br>গ্রাম: কুকরাইল উত্তরপাড়া<br>ডাকঘর: রামপুর বাজার<br>কালিহাতি, টাঙ্গাইল। | চীফ ইনস্ট্রাক্টর | পদাধিকারবলে ০১/১০/২০২৪ খ্রি: সকাল ১০:০০ ঘটিকা হতে নিয়োগ পত্র মোতাবেক "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কালিহাতি, টাঙ্গাইলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ০২ | ইয়াসিন আহমেদ<br>পিতা: মৃত জোয়াদ আলী<br>গ্রাম: পলাশতলী সিকদারবাড়ী<br>ডাকঘর: রতনগঞ্জ<br>কালিহাতি, টাঙ্গাইল। | ইনস্ট্রাক্টর<br>(গ্রাফিক্স ডিজাইন) | প্রতিষ্ঠান প্রতিষ্ঠার পরিকল্পনা থেকে প্রতিষ্ঠানের জন্য বিশেষ অবদান রাখায় আলোচনা সাপেক্ষে ০১/১০/২০২৪ খ্রি: সকাল ১০:০০ ঘটিকা হতে নিয়োগ পত্র মোতাবেক "উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার" উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কালিহাতি, টাঙ্গাইলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য মঙ্গল কামনা করে উক্ত সভার সমাপ্ত ঘোষণা করেন ।

২৫/০৯/২৪

সভাপতি
উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার
কালিহাতি, টাঙ্গাইল।